


# ‘ক্যাম্পাসে প্রতিকূল পরিস্থিতির কারণে নির্বাচন পেছানো ছাড়া কোনো উপায় ছিল না’

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:৪০



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের পেছনের কারণ জানিয়েছেন নির্বাচন কমিশনার মোস্তফা কামাল আকন্দ। তিনি বলেছেন, ‘ক্যাম্পাসে প্রতিকূল পরিস্থিতির কারণে নির্বাচন পেছানো ছাড়া কোনো উপায় ছিল না।’

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

সোমবার (২২ সেপ্টেম্বর) রাতে রাকসু কোষাধ্যক্ষ কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি।

বর্তমান পরিস্থিতির কথা তুলে ধরে মোস্তফা কামাল আকন্দ বলেন, ‘একদিকে ক্যাম্পাসে অনাকাঙ্ক্ষিত ঘটনার কারণে শিক্ষক ও কর্মকর্তাদের আন্দোলন চলছিল, অন্যদিকে নির্বাচন অনুষ্ঠিত করার জন্য শিক্ষকদের প্রয়োজনীয় সহায়তা পাওয়া যায়নি। এজন্য ঘোষিত সময়ে নির্বাচন আয়োজন সম্ভব হয়নি।’

তিনি বলেন, ‘রাকসু নির্বাচন নিয়ে পুরো জাতির আগ্রহ রয়েছে। আমাদেরও আগ্রহের কোনো ঘাটতি নেই। ১৬ অক্টোবর সব পক্ষকে নিয়ে ইনক্লুসিভ নির্বাচন আয়োজনের জন্য কমিশন বদ্ধপরিকর।’

মোস্তফা কামাল আকন্দ আরও বলেন, ‘নির্বাচন কমিশন কোনো দল বা মতবাদের পক্ষে কাজ করছে না। ৩৫ বছর আগে নির্বাচনের স্থগিত হওয়ার ঘটনা পুনরাবৃত্তি হবে না। ১৬ অক্টোবর ইনশাল্লাহ নির্বাচন অনুষ্ঠিত হবে।’